# আন-নাবা | An-Naba' | ٱلنَّبَإ

আয়াতঃ ৭৮ : ৯

## আরবি মূল আয়াত:

وَّ جَعَلۡنَا نَوۡمَكُمۡ سُبَاتًا ﴿۹﴾

## অনুবাদসমূহ:

আর আমি তোমাদের নিদ্রাকে করেছি বিশ্রাম। — আল-বায়ান

আর তোমাদের নিদ্রাকে করেছি বিশ্রামদায়ী। — তাইসিরুল

তোমাদের জন্য নিদ্রাকে করে দিয়েছি বিশ্রাম, — মুজিবুর রহমান

And made your sleep [a means for] rest — Sahih International

### ৯. আর তোমাদের ঘুমকে করেছি বিশ্রাম(১),

(১) মানুষকে দুনিয়ায় কাজ করার যোগ্য করার জন্য মহান আল্লাহ অত্যন্ত কর্মকুশলতা সহকারে তার প্রকৃতিতে ঘুমের এক চাহিদা সৃষ্টি করে দিয়েছেন। কর্মের ক্লান্তির পর ঘুম তাকে স্বস্তি, আরাম ও শান্তি দান করে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### ৯। তোমাদের নিদ্রাকে করে দিয়েছি বিশ্রাম স্বরূপ। [1]

[1] سبات -এর অর্থ হল ছিন্ন করা বা কাটা। রাত্রি মানুষ ও পশু-পক্ষীর যাবতীয় বিচরণকে কেটে ক্ষান্ত করে দেয়। যাতে শান্তি ফিরে আসে এবং লোকে আরামের সাথে ঘুমাতে পারে। কিংবা এর ভাবার্থ হল এই যে, রাত্রি তোমাদের কাজকর্মকে কেটে ফেলে। অর্থাৎ, কাজের ধারাবাহিকতাকে ছিন্ন করে দেয়। আর কাজ শেষ হওয়া মানেই হল আরাম ও বিশ্রাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন